


০৩। সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, কোন কোন সংস্থা, পাবলিক বিশ্ববিদ্যালয় তাদের অধস্তন কর্মকর্তা-কর্মচারীগণকে বর্ধিত বয়সকাল অবধি চাকুরী করার সুবিধা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট গণকর্মচারীর চাকুরীতে প্রবেশের সময় নিজেকে মুক্তিযোদ্ধা হিসেবে ঘোষণা করা এবং তার নামে বৈধ মুক্তিযোদ্ধা সনদ থাকার মতো গুরুত্বপূর্ণ বিষয়টি অনুসরণ করছে না; কোন কোন সংস্থা মুক্তিযোদ্ধা গণকর্মচারীগণকে ০১ (এক) বৎসরের পরিবর্তে ০২ (দুই) বৎসর বর্ধিত সময়কাল চাকুরীর সুযোগ প্রদান করছে যা সরকারের বিঘোষিত মৌলিক নীতির সুস্পষ্ট লঙ্ঘন। সকল দপ্তর-সংস্থা কর্তৃক এ সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়াদি জাতীয় নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

০৪। এমতাবস্থায়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭-১১-২০১০ এবং ০৬-০৩-২০১১ তারিখের পত্রে প্রদত্ত নির্দেশনার অনুসরণে সংশ্লিষ্ট সকলকে নিম্নেবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলোঃ-

- (ক) মুক্তিযোদ্ধা গণকর্মচারীগণকে বর্ধিত সময়কাল বা বয়সকাল অবধি চাকুরী করার সুযোগ প্রদানের ক্ষেত্রে “সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী চাকুরীতে প্রবেশের সময় নিজেকে মুক্তিযোদ্ধা হিসেবে ঘোষণা করেছিলেন এবং তার অনুকূলে মুক্তিযোদ্ধা সনদ রয়েছে” মর্মে বিষয়টি যাচাইক্রমে নিশ্চিত হতে হবে;
- (খ) ইতোমধ্যে কোন দপ্তর-সংস্থা, কর্পোরেশন, পাবলিক বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭-১১-২০১০ ইং তারিখের পত্র নং ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪. ২০১০-৩৫৬ এবং ০৬-০৩-২০১১ তারিখের পত্র নং ০৩.০৭৭.০১.০৪৬.০০.০১. ২০১০-৪৪(১)-এর প্রদত্ত নির্দেশনা যথাযথ অনুসরণ না করে তাদের অধীনে কর্মরত কোন গণকর্মচারীকে এ ধরনের সুবিধা প্রদান করে থাকলে দ্রুততার সাথে এক্লপ আদেশ বাতিল করা যেতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।


 (মোঃ গোলাম রহমান মিএস)
 যুগ্ম-সচিব
 মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
 ফোন: ৯৫৬৯০৯৯

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/ সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)- (মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থাকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
৪. ভাইস চ্যান্সেলর, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।